



UNIVERSITY OF NORTH BENGAL
B.A. Honours 2nd Semester Examination, 2020

CC4-BENGALI

Full Marks: 60

ASSIGNMENT

*The questions are of equal value.
The figures in the margin indicate full marks.*

- নিম্নলিখিত যে-কোনো চারটি বিষয়ে অ্যাসাইনমেন্ট (Assignment) প্রস্তুত করো ১৫×৪ = ৬০
- ১। সংস্কৃত সাহিত্যে কবি কালিদাস যে সমস্ত নাটক রচনা করেছেন সেগুলির সংক্ষিপ্ত পরিচয় দিয়ে আধুনিক কালের বাংলা সাহিত্যে এগুলির প্রভাব কীভাবে পড়েছে তা দেখাও। ১৫
- ২। সংস্কৃত সাহিত্যের বিশিষ্ট নাট্যকার বানভট্টের সাহিত্যচর্চার বিস্তারিত পরিচয় দিয়ে সমকালীন সাহিত্যিকদের চেয়ে তাঁর স্বাতন্ত্র্যের জায়গাটি চিহ্নিত করো। ১৫
- ৩। সংস্কৃত সাহিত্যের বিশিষ্ট কবি জয়দেবের জীবন ও সাহিত্যকর্মের বিস্তারিত পরিচয় দিয়ে বাংলা সাহিত্যে তাঁর প্রভাবের দিকগুলি তুলে ধরো। ১৫
- ৪। ইংরেজি সাহিত্যে শেক্সপীয়র তাঁর ট্রাজেডিধর্মী নাটকগুলির ক্ষেত্রে যে রীতি গ্রহণ করেছিলেন তার পরিচয় দিয়ে আধুনিক যুগের বাংলা নাটকে এই রীতির প্রয়োগের দিকটি আলোচনা করো। ১৫
- ৫। ওয়ার্ডসওয়ার্থ ইংরেজি কাব্য-কবিতায় যে অভিনবত্ব আনার প্রয়াস করেছিলেন, সেই প্রয়াসে তিনি কতটা সফল হয়েছিলেন তার পরিচয় দাও। ১৫
- ৬। চার্লস ডিকেন্স তাঁর সাহিত্যচর্চার মধ্য দিয়ে ইংরেজি সাহিত্য তথা বিশ্বসাহিত্যে কী কী পরিবর্তন আনার প্রয়াস করেছেন তা তাঁর জীবন ও সাহিত্যকর্মের নিরিখে লেখ্য উপস্থাপন করো। ১৫

—x—



UNIVERSITY OF NORTH BENGAL
B.A. Programme 2nd Semester Examination, 2020

DSC2-BENGALI

Full Marks: 60

ASSIGNMENT

The figures in the margin indicate full marks.

- নিম্নলিখিত যে-কোনো চারটি বিষয়ে অ্যাসাইনমেন্ট (Assignment) প্রস্তুত করো ১৫×৪ = ৬০
- ১। উদাহরণসহ বিস্তারিত পরিচয় দাওঃ ৫×৩ = ১৫
- (ক) বাংলা রুদ্রদল ও ছন্দভেদে তার মাত্রাগণনা পদ্ধতি
(খ) বাংলা ছন্দে চরণ ও স্তবক
(গ) বাংলা ছন্দে পর্ব ও পর্বাক্ষের গুরুত্ব।
- ২। উপযুক্ত উদাহরণের সাহায্যে কলাবৃত্ত ছন্দের বৈশিষ্ট্যগুলি আলোচনা করে এর রূপভেদের বিস্তারিত পরিচয় দাও। ১৫
- ৩। ছন্দলিপি প্রস্তুত করোঃ ৫×৩ = ১৫
- (ক) শুধু বিঘে-দুই, ছিল মোর ভুঁই, আর সবই গেছে ঋণে।
বাবু বলিলেন, ‘বুঝেছ উপেন ? এ জমি লইব কিনে।’
কহিলাম আমি, ‘তুমি ভূস্বামী’ ভূমির অস্ত নাই।
চেয়ে দেখো মোর আছে বড়-জোর মরিবার মতো ঠাই।’
- (খ) আকাশ ঘিরে মেঘ করেছে সূর্য্য গেছে পাটে।
খুকু গেলো জল আনতে পদ্মদিঘির ঘাটে।
পদ্মদিঘির কালো জলে হরেক রকম ফুল।
হাঁটুর নীচে দুলছে খুকুর গোছা ভরা চুল।
- (গ) বন-নিবাসিনী দাসী নমে রাজপদে
রাজেন্দ্র! যদিও তুমি ভুলিয়াছ তারে,
ভুলিতে তোমারে কভু পারে কি অভাগী ?
হায়, আশামদে মত্ত আমি পাগলিনী!
- ৪। উপমেয়, উপমান, সাধারণ ধর্ম ও সাদৃশ্যমূলক শব্দ কাকে বলে ? অর্থালংকারের ক্ষেত্রে এগুলির গুরুত্ব উপযুক্ত দৃষ্টান্তের সাহায্যে বুঝিয়ে দাও। ১৫

৫। রূপক অলংকার কাকে বলে ? উপযুক্ত দৃষ্টান্তের মাধ্যমে রূপক অলংকারের প্রকারভেদগুলি বুঝিয়ে
দাও। ১৫

৬। অলংকার নির্ণয় করোঃ ৩×৫ = ১৫

- (ক) হাহাকার করে বেহায়া হাওয়ার বেহালাখানি।
- (খ) গুরুর কাছে লব গুরু দুখ।
- (গ) পর্বত চাইল হতে বৈশাখের নিরুদ্দেশ মেঘ।
- (ঘ) মনে লাগিয়েছে আঁধি/শ্রাবণ কাঁদে না আমি কাঁদি।
- (ঙ) লাভণ্য তোমার সখি সুখার মতন।

—x—



UNIVERSITY OF NORTH BENGAL
B.A. Honours 2nd Semester Examination, 2020

GE2-BENGALI

Full Marks: 60

ASSIGNMENT

The figures in the margin indicate full marks.

- নিম্নলিখিত যে-কোনো চারটি বিষয়ে অ্যাসাইনমেন্ট (Assignment) প্রস্তুত করো ১৫×৪ = ৬০
- ১। উদাহরণসহ বিস্তারিত পরিচয় দাওঃ ৫×৩ = ১৫
- (ক) দল ও ছন্দভেদে তার মাত্রাগণনা পদ্ধতি
- (খ) বাংলা ছন্দে হ্রস্ব যতি ও পূর্ণ যতির উপযোগিতা
- (গ) বাংলা ছন্দে ছন্দভেদে লয়-এর প্রয়োগ।
- ২। উদাহরণসহ বাংলা মিশ্রবৃত্তরীতির ছন্দ এবং তার প্রায়োগিক রূপগুলির পরিচয় দাও। ১৫
- ৩। উদাহরণসহ বাংলা শব্দালংকারগুলির পরিচয় প্রদান করো। ১৫
- ৪। বাংলা কবিওয়ালা ও তাদের সৃষ্ট কবিগান সম্পর্কে শ্রদ্ধা থাকলেও রবীন্দ্রনাথ এদের প্রথম সারির সাহিত্যের মর্যাদা দিতে চাননি। ‘কবি-সংগীত’ প্রবন্ধ অনুসারে কবিগান সম্পর্কে রবীন্দ্রনাথের এই দৃষ্টিভঙ্গির পরিচয় দাও। ১৫
- ৫। অতীতের সমাজের নানা চিত্র প্রবাদের মধ্য দিয়ে কীভাবে প্রতিফলিত হয় বেশ কিছু দৃষ্টান্তের সাহায্যে তা দেখাও। ১৫
- ৬। বাংলা লোকসংস্কৃতি চর্চার সংক্ষিপ্ত বিবরণ দাও। ১৫

—x—